



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি বরিশাল কলেজ, বরিশাল।

ফোন ও ফ্যাক্স : অফিস : ০৪৩১-৬৪৪০৯ মোবাইল : ০১৩০৯১০০৮৬৭

ওয়েব এড্রেস : www.gbc.gov.bd, E-mail: principal_gbc@yahoo.com



স্মারক নং-সবক/২০২০/২৩৭

তারিখ : ১৮/১০/২০২০ খ্রি:।

“বিজ্ঞপ্তি”

তারিখ : ১৮/১০/২০২০ খ্রি:।

এতদ্বারা অত্র কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের-কে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তি প্রদানের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ৩০/১০/২০২০ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই নিম্নোবর্ণিত নির্দেশনা মোতাবেক মোবাইল ব্যাংকিং একাউন্ট (বিকাশ/রকেট/শিওরক্যাশ/নগদ) খুলতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলে উক্ত একাউন্ট নম্বর কলেজ অফিসে জমা দিতে হবে।

শিক্ষার্থীর মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলার নিয়মাবলী :

১. নির্বাচিত শিক্ষার্থী উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে পছন্দের যে কোন অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট)/ মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে পারবে। অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) ব্যবহারের ক্ষেত্রে স্কুল ব্যাংকিং নীতিমালা অনুসারে শিক্ষার্থী/শিক্ষার্থী ও অভিভাবকের যৌথনামে একাউন্ট খুলতে হবে।
২. উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে অনলাইন ব্যাংক একাউন্ট/ মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং উক্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামে একাউন্ট খোলা যাবে।
৩. ইতোপূর্বে পিতা/মাতার নামে জাতীয় পরিচয়পত্র দিয়ে কোন বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা থাকলে নতুন করে একাউন্ট খোলার প্রয়োজন নেই। উক্ত একাউন্ট শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে। তবে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে।
৪. একই পিতা/মাতার একাধিক (২/৩ জন) সন্তান উপবৃত্তিযোগ্য হলে সেক্ষেত্রে পিতার জাতীয় পরিচয়পত্র, মাতার জাতীয় পরিচয়পত্র দিয়ে পৃথক একাউন্ট খুলতে হবে। এছাড়া নির্বাচিত শিক্ষার্থীর পিতা/মাতার একই জাতীয় পরিচয়পত্র দিয়ে ভিন্ন ভিন্ন মোবাইল সার্ভিস প্রোভাইডার (বিকাশ/রকেট/শিওরক্যাশ/নগদ) এর একাউন্ট খোলা যাবে এবং ভিন্ন ভিন্ন ব্যাংকে অনলাইন ব্যাংক একাউন্ট খুলে ব্যবহার করা যাবে।
৫. পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর এবং সংশ্লিষ্ট একাউন্টে প্রদত্ত জাতীয় পরিচয়পত্রের নম্বর একই হতে হবে। ভিন্ন জাতীয় পরিচয়পত্রের নাম্বার হলে উপবৃত্তির জন্য বাতিল বলে গণ্য হবে।
৬. একাউন্ট নাম্বার জমা দেওয়ার সময়ে শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি এবং শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

তারিখ : বরিশাল

১৮/১০/২০২০ খ্রি.


অধ্যক্ষ (উপবৃত্তি)

সরকারি বরিশাল কলেজ

বরিশাল

প্রাক্তন মোঃ শাহির উদ্দিন সিদ্দিক
স্মারক নং-০০০০৬৯২৮
অধ্যক্ষ (আভাবক)
সরকারি বরিশাল কলেজ, বরিশাল।